তারিখ 18 APR 2017
পৃ. 6 ... কলাম ... 8

কালের কণ্ঠ

# প্রধানমন্ত্রীর ভারত সফর ও কওমি সনদের স্বীকৃতিতে গণতান্ত্রিক বাম মোর্চার ক্ষোভ

নিজস্ব প্রতিবেদক ▷

প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভারত সফরে বাংলাদেশের জনগণের স্বার্থসংশ্লিষ্ট কোনো বিষয়ে আলোচনা হয়নি জানিয়ে ক্ষোভ প্রকাশ করেছেন গণতান্ত্রিক বাম মোর্চার নেতারা। এ ছাড়া কওমি মাদরাসার সনদের স্বীকৃতি দেওয়ায় মৌলবাদের রাজনীতি আরেক ধাপ এগিয়েছে বলে আশঙ্কা প্রকাশ করেছেন তাঁরা।

প্রধানমন্ত্রীর ভারত সফর এবং কওমি মাদরাসার সনদের স্বীকৃতি বিষয়ে প্রতিক্রিয়া জানাতে গতকাল সোমবার রাজধানীর তোপখানা রোডে সংগঠনের অস্থায়ী কার্যালয়ের নির্মল সেন মিলনায়তনে এক সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন গণতান্ত্রিক বাম মোর্চার সমন্বয়ক ও গণসংহতি আন্দোলনের রাজনৈতিক পরিষদের সদস্য ফিরোজ আহমেদ। সাংবাদিকদের প্রশ্নের জবাবে বক্তব্য দেন বিপ্লবী ওয়ার্কার্স পার্টির সাধারণ সম্পাদক সাইফুল হক, বাংলাদেশের সমাজতান্ত্রিক দল (মার্কসবাদী) কেন্দ্রীয় নেতা শুভ্রাংশু চক্রবর্তী, ইউনাইটেড কমিউনিস্ট লীগের সাধারণ সম্পাদক মোশাররফ হোসেন নান্নু, সমাজতান্ত্রিক আন্দোলনের আহ্বায়ক হামিদুল হক।

গণতান্ত্রিক বাম মোর্চার পক্ষ থেকে আগামী ২৫ এপ্রিল ঢাকাসহ সারা দেশে তিস্তাসহ অভিন্ন নদীর পানির ন্যায্য হিস্যা, সীমান্তে হত্যা বন্ধ ও স্বাধীন পররাষ্ট্রনীতির দাবিতে বিক্ষোভ সমাবেশের ডাক দেওয়া হয়েছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................
তারিখ.................
পরিসংখ্যান বিভাগ
ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর